

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ২২, ১৯৯৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

রাজনৈতিক শাখা-৪

আদেশ

তারিখ, ৫ই আষাঢ় ১৪০৪/১৯শে জুন ১৯৯৭

এস. আর. ও, নং ১৬১-আইন/৯৭ ইং বিবিধ-৭/৯১(রাজ-৪)—সেহেতু সরকার জাতীয় সংসদ এর শূন্য আসন-১৭৪, মানিকগঞ্জ-৩, নির্বাচনী এলাকার আগামী ৩০-৬-৯৭ ইং তারিখে অনর্দ্বিষ্টতব্য উপ-নির্বাচনের সময় উক্ত নির্বাচনী এলাকার ভোটকেন্দ্রসমূহে শান্তি-শৃংখলা বজায় রাখার লক্ষ্যে লাইসেন্সধারী অস্ত্র মালিকদের সমগ্র মানিকগঞ্জ জেলায় অস্ত্রসহ চলাফেরা করার উপর জনস্বার্থে নিষেধাজ্ঞা আরোপ করা সমীচীন বলিয়া মনে করে;

সেহেতু Arms Act, 1878 (XI of 1878) এর Section 17A-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার আগামী ২৪-৬-৯৭ তারিখ ০০-০১ ঘটিকা হইতে ২-৭-৯৭ তারিখ ২৪-০০ ঘটিকা পর্যন্ত সময়ের জন্য লাইসেন্সধারী সকল অস্ত্র মালিককে অস্ত্রসহ সমগ্র মানিকগঞ্জ জেলায় চলাফেরা করার উপর নিষেধাজ্ঞা আরোপ করিল। যাহারা এই আদেশ লংঘন করিবেন তাহাদের বিরুদ্ধে উক্ত section এর sub-section (2)-তে বর্ণিত ব্যবস্থা গ্রহণ করা হইবে;

২। এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথা :-

(ক) নির্বাচনে আইন-শৃংখলা রক্ষার সাহিত সম্পৃক্ত শৃংখলা বাহিনীর সকল সদস্য;

(খ) বিভিন্ন সরকারী আধা-সরকারী এবং বেসরকারী দপ্তর, প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরীগণ।

ব্যাখ্যা—এই আদেশে “শুংখলা বাহিনী” বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫২ অনুচ্ছেদে সংজ্ঞায়িত শুংখলা বাহিনী বরাহাবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
 মদনতাক উদ্দিন আহমদ
 উপ-সচিব (রাজনৈতিক)।